

# প্রশ্নফাঁসসহ নানা অপকর্মে জড়িত জবি ছাত্রলীগ নেতা আকতার

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: রোববার, ৩০ জুন ২০২৪



২০২২ সালের ১ জানুয়ারি মো. ইব্রাহীম ফরাজিকে সভাপতি ও এসএম আকতার হোসাইনকে সাধারণ সম্পাদক করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রলীগের ৩৫ সদস্য বিশিষ্ট আংশিক কমিটি ঘোষণা করা হয়। কমিটি ঘোষণার পর থেকেই জবি ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ এই কমিটির নেতারা জন্ম দিচ্ছে নানা বিতর্কের। আড়াই বছর ধরে চাঁদাবাজি ও নারী কেলেঙ্কারীসহ নানা অভিযোগের পর এবার বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা প্রশ্নফাঁসের অভিযোগ উঠেছে মেয়াদোত্তীর্ণ এই কমিটির সাধারণ সম্পাদক এসএম আক্তার হোসাইনের বিরুদ্ধে।

অনুসন্ধানে দেখা গেছে, আকতার হোসাইন তা র নিজ ফেসবুক মেসেঞ্জারের মাধ্যমে মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের এমসিকিউ এর উত্তর অন্যজনকে প্রদান

করেন। উত্তরপত্রের অধিকাংশই ২০১৬-১৭ শিক্ষাবর্ষের মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের সাথে মিলে যায়।

মেসেঞ্জার বার্তায় দেখা যায়, যিনি উত্তর নিচ্ছেন তিনি আকতারের কাছে সব প্রশ্নের উত্তর দেওয়ার অনুরোধ জানান। জবাবে আকতার সব দিয়েছেন বলে ফিরতি বার্তায় জানান। সেই সাথে এটি কাউকে না জানানোর অনুরোধ করেন।

বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতারা সংগঠনের নাম ভাঙিয়ে আকতারের নানা অপরাধমূলক কর্মকাণ্ডের কথা তুলে ধরেন।

মেয়াদোত্তীর্ণ কমিটির সাংগঠনিক সম্পাদক শেখ রাসেল বলেন, ভর্তি বাণিজ্য, জালিয়াতি, টেন্ডার বাণিজ্য এসব তো ছাত্রলীগের উদ্দেশ্য না। যারা এসব করবে তারা অন্য কোনো সংগঠনের সাথে যুক্ত হোক। তারা ছাত্রলীগের নাম ভাঙিয়ে এসব অপরাধ করে সংগঠনের সুনাম নষ্ট করছে।

জবি শাখা ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ কমিটির সহ-সভাপতি মিঠুন বাউড়ে বলেন, সাধারণ সম্পাদক আকতার দীর্ঘদিন যাবৎ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র জালিয়াতি এবং বিভিন্ন অপকর্মের সাথে জড়িত। সুনির্দিষ্ট তথ্যপ্রমাণ আমাদের কাছে আছে।

মেয়াদোত্তীর্ণ কমিটির সহ-সভাপতি হাবুল হোসেন পরাগ বলেন, একের পর এক বিতর্কিত কাজ করে সংগঠন কে কলুষিত করেই যাচ্ছে বর্তমান সভাপতি-সাধারণ সম্পাদক। জবি ছাত্রলীগ ইব্রাহিম ও আকতারের কাছে ইজারা দেওয়া হয় নাই। ব্যক্তির দায় সংগঠন নেবে না। সংগঠনের মান ক্ষুণ্ণ করে যখন কেউ প্রশ্নফাঁসের মত গুরুতর অপরাধের সাথে জড়িত হয় তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার দাবি জানাই।

এদিকে ফেসবুক মেসেঞ্জারের সূত্র ধরে অনুসন্ধানে বের হয়ে আসে ভর্তি পরীক্ষার প্রশ্নফাঁস নিয়ে একটি অডিও ক্লিপও। আকতারের মামাতো ভাই পরিচয়ে মাদারীপুরের কাকন মিয়া ভর্তি পরীক্ষায় টিকিয়ে দেওয়ার গ্যারান্টি দেয় এক ব্যক্তিকে।

ওই অডিও ক্লিপে শোনা যায়, কাকন মিয়া নিজেকে আকতারের আপন মামাতো ভাই পরিচয়ে অপর পাশের ব্যক্তিকে পরীক্ষায় টিকিয়ে দেওয়ার গ্যারান্টি দিচ্ছেন এবং কল রেকর্ড যাতে লিক মা হয় সেসব ব্যাপারে সতর্ক করেন।

এবিষয়ে কথা বলতে কাকন মিয়াকে প্রশ্ন করা হলে যিনি মোবাইল ফোন নম্বর দিয়েছেন তার সাথে কথা বলতে বলা হয়। এরপর আর কোনো কথা না বলেই ফোন কেটে দেন তিনি।

তবে এমন কর্মকাণ্ডে জড়িত না থাকার দাবি করেন আকতার হোসাইন। গণমাধ্যমকে তিনি বলেন, তাহলে আমার আপন ছোট ভাইতো ঢাকা বিশ্ববিদ্যালয়ে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পড়ার কথা ছিল। সে প্রাইভেটে পড়ছে কেন? আপনি যে প্রশ্নটা করেছেন তা সম্পূর্ণ ভিত্তিহীন। মিথ্যা অপবাদ দিয়ে যে কথাগুলো বলছেন এর কোনো প্রমাণ আছে আপনাদের কাছে?

অপরাধে জড়িত থাকলে আকতারের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করার কথা জানান কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান। তিনি বলেন, ‘অভিযোগটা এসেছে। যাচাই-বাছাই চলতেছে। অনুসন্ধান করে দ্রুত পদক্ষেপ নেয়া হবে।’

এবিষয়ে কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি সাদাম হোসেন বলেন, অনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করা, গঠনতন্ত্র বিরোধী কর্মকাণ্ড পরিচালনা করা, শিক্ষার্থীদের স্বার্থ বিরোধী কর্মকাণ্ড পরিচালনা করা এবং আদর্শ বিরোধী কর্মকাণ্ড কেউ পরিচালনা করলে তার বিরুদ্ধে অবশ্যই সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

## শীর্ষ সংবাদ

বাঁকাখালী নদী থেকে মস্তকবিহীন  
লাশ উদ্ধার

শাহরাস্তিতে মোবাইল ফোনে নকল  
করার দায়ে শিক্ষার্থী বহিষ্কার

খালেদা জিয়াকে বিদেশে চিকিৎসার  
সুযোগ দেয়ার আহবান

চাঁদপুরে কোহিনুর হত্যা মামলায় ২  
আসামীর মৃত্যুদণ্ড

ক্লাস বর্জনের ঘোষণা শাবিপ্রবি  
শিক্ষকদের

আসছে ভিভো'র ৬ হাজার  
মিলিঅ্যাম্পিয়ার ব্যাটারির স্মার্টফোন

আন্তর্জাতিক মানের মোবাইল সেবা  
নিশ্চিত করতে সরকার বন্ধপরিষদ:  
জুনাইদ আহমেদ পলক

চার্জিংয়ের ভবিষ্যৎ ম্যাগনেটিক  
ওয়্যারলেস চার্জিং

ঢাকায় জিপি এক্সিলারেটরের  
'জেলায় জেলায় স্মার্ট উদ্যোক্তা'  
বুটক্যাম্প

এশিয়ান পেইন্টস কালার  
নেক্রট-২০২৪ উদ্বোধন

ঢাকায় প্রথম অ্যাস্ট্রোনট ক্যাম্প  
অনুষ্ঠিত

মাথাচাড়া দিচ্ছে নিত্য-নতুন সাইবার  
অপরাধ: সিক্যাক'র গবেষণা

আইসিসিবির ২৯তম বার্ষিক  
কাউন্সিল অনুষ্ঠিত

রাণীনগরে বজ্রপাতে যুবকের মৃত্যু,  
আহত দুই

‘যেখানে অধিকার বঞ্চনা সেখানেই  
হুল’ স্লোগানকে সামনে রেখে  
রাজশাহীতে সান্তাল হুল দিবস  
পালন

সিলেটে অসামাজিক কার্যকলাপে  
লিপ্ত থাকার অভিযোগে হোটেল  
ম্যানেজারসহ গ্রেপ্তার ৮

জ্বালানি খাত ‘সঠিক নীতিতে চলছে  
না’ বলে মনে করেন বিশেষজ্ঞরা

বড় পরিবর্তন ছাড়াই ২০২৪-২৫  
অর্থবছরের বাজেট পাস

পুলিশ হেডকোয়ার্টার্স পরিদর্শন  
করলেন আর্মড ফোর্সেস ওয়্যার  
কোর্সের প্রশিক্ষার্থীরা

নতুন অর্থবছরের বাজেট  
পাস, আকার ৭ লাখ ৯৭ হা